

47 Report

প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু

ঢাক রিপোর্টার

পঞ্চম শ্রেণীর প্রাথমিক বৃত্তি পরীক্ষা গতকাল থেকে শুরু হয়েছে। প্রথম দিনের ২ বেলায় বাংলা ও অংক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ দ্বিতীয় দিনে ইংরেজী ও সমাজবিজ্ঞান পরীক্ষা অনুষ্ঠিত হবে। রাজধানীতে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ১২টি কেন্দ্রসহ ৭টি অতিরিক্ত স্থলে। ঢাকা জেলার সাভার থানায় ২টিসহ অন্যান্য থানায় ১টি করে কেন্দ্রে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এবারের বৃত্তি পরীক্ষায় ঢাকা জেলার উপস্থিতি ছিল গতকরা ৪০ ভাগ। রাজধানীতে উপস্থিতি ছিল গতকরা ৮০ ভাগের কম।

১৫/১/০৮

প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু

১৫ জানুয়ারি

গতকাল থেকে শুরু হওয়া প্রাথমিক বৃত্তি পরীক্ষা গতকাল ১৫ জানুয়ারি উপস্থিত করা হল। গতকাল (সোমবার) প্রাথমিক বৃত্তি পরীক্ষা গুরুত্বপূর্ণ কেন্দ্রে পাঠিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে। এ উপজেলার দুটি কেন্দ্র হচ্ছে গুরুত্বপূর্ণ ইসলামিয়া সরকারি হাইস্কুল ও কান্দিপাড়া আক্তার আলী উচ্চ বিদ্যালয়। মোট পরীক্ষার্থী হচ্ছে ১ হাজার ৬৮৩ জন। এর মধ্যে প্রাথমিক সরকারি বিদ্যালয় ১৬০, বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় ৪২, কর্মিউনিটি ২৬, উচ্চ বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয় ২ ও ব্র্যাক স্কুল ১টি। গুরুত্বপূর্ণ ইসলামিয়া স্কুলের মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ৪ জনের মধ্যে অনুপস্থিত ১৮৩ জন ও কান্দিপাড়া আক্তার আলী উচ্চ বিদ্যালয়ে ৬৭৯ জন পরীক্ষার্থীর মধ্যে অনুপস্থিত ১৩৬ জন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ মাহবুব হোসেনসহ শিক্ষা বিভাগের কর্মকর্তারা বিভিন্ন কেন্দ্রে পরিদর্শন করেন।

মধুখালী উপজেলা সংবাদদাতা জানান, মধুখালী পাইলট উচ্চ বিদ্যালয়ে স্থাপিত সেন্টারে সোমবার সকাল ১০টার শুরু হয়েছে। উপজেলার ৯২টি প্রাথমিক বিদ্যালয়ের পাঠাই করা সেরা ৮০১ জন ছাত্র-ছাত্রী এ পরীক্ষায় অংশগ্রহণ করেছে। শিবদেব মধ্যে রয়েছে ৩৫৮ জন মেয়ে ও ৪৪৩ জন ছেলে। আজ সোমবার ১৪ জানুয়ারী বাংলা ও অংক বিষয়ে উপস্থিত ছাত্র-ছাত্রীদের সংখ্যা ছিল শত ভাগ। মঙ্গলবার অনুষ্ঠিত হবে ইংরেজী ও সমাজবিজ্ঞান।